মোনাখালি ইউনিয়ন একাদশ সেমিফাইনালে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট২০২৩ এর দ্বিতীয় রাউন্ডের দ্বিতীয় খেলায় শালিকা টাইগার ক্লাবকে ১-০ গোলে হারিয়ে মোনাথালি ইউনিয়ন একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

আজ বুধবার বিকালে অনুষ্ঠিত উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথমার্ধের ১৫ মিনিটের সময় মোনাখালি ইউনিয়ন একাদশের রক্ষণভাগের খেলোয়াড় রুমন একটি গোল করে তার দলকে এগিয়ে নেন। এরপর উভয় দলই মরিয়া হয়ে ওঠেন গোল দিতে। কিন্তু আর কেউ কোনো গোল দিতে পারেনি। তবে, উভয় দলই বারবার গোল দেওয়ার সুযোগ তৈরী করতে পারলেও গোল পোষ্টে বল প্রবেশ করাতে পারেনি। খেলায় মোনাখালি ইউনিয়ন একাদশের ফরোয়ার্ড রুমনকে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়।

রুমনের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন খেলা পরিচালনা কমিটির আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, সদস্য শামীম জাহাঙ্গীর সেন্টু, আমিরুল ইসলাম অল্ডাম ও ধারাভাষ্যকার রুহুল আমিন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সদস্য সচিব মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, আহবায়ক কমিটির সদস্য হাসানুজজামান বাবু, সেলিম রেজা, জাহাঙ্গীর আলম, মাহাবুব হাসান ডালিম প্রমুখ।

রেফরি হিসাবে মাঠে খেলা পরিচালনা করেন মাহাবুবুর রহমান, সহকারি রেফারি ছিলেন, আব্বাছ উদ্দীন ও সোহেল রানা। চতুর্থ রেফরি ছিলেন টুটুল আহমেদ।

ধারাভাষ্যে ছিলেন আমুঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি) সেমি ফাইনালে!

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর দ্বিতীয় রাউন্ডের প্রথম দিনের খেলায় ট্রাইবেকারে রামদেবপুর ফ্রেন্ডস ক্লাবকে হারিয়ে সেমি ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছেন ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি)।

আজ মঙ্গলবার বিকালে উত্তেজনাপূর্ণ খেলাটিতে উভয় দলের কেউ কোনো গোল করতে না পারায় শেষ পর্যন্ত খেলাটি ট্রাইবেকারে গড়াই। তবে উত্তেজনাপূর্ণ ম্যাচটিতে উভয় দলই কয়েকটি করে গোল করার সূবর্ণ সুযোগ হারায়।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন এফসিবি’র ফরোয়ার্ড শামীম আহমেদ। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত করা হয়। এদিকে ট্রাইবেকারে দুটি গোল সেভ করার জন্য এফসিবি’র গোল কিপার ফয়সালকে লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি টি শার্ট উপহার দেওয়া হয়।

শামীমের হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের পরিচালনা কমিটির উপদেষ্টা প্রবীন খেলোয়াড় ও জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম আব্দুস সামাদ ও মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক রমজান আলী, এসময় সদস্য সচিব মাহাবুব চান্দু ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের টুর্নামেন্টের আহবায়ক, সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, সেলিম রেজা, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, মাহাবুব হাসান ডালিম।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন গাংনীর আব্বাছ উদ্দীন। তাকে সহযোগীতা করেন গাংনীর মাহাবুব রহমান ও মুজিবনগরের সোহেল রানা। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল আহমেদ। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার হাজারো ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামীকাল ১৪ জুন, দ্বিতীয় রাউন্ডের ২য় খেলা মোনাখালি ইউনিয়ন একাদশ বনাম শালিকা ট্রাইগার ক্লাব। সময়: বিকাল ৪ টা।

খেলাটি একযোগে রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিনের ফেসবুক থেকে সরাসরি লাইভ দেখানো হবে।

কুতুবপুর ইউনিয়ন একাদশকে হারিয়ে শালিকা টাইগার ক্লাব দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর দ্বিতীয় দিনের খেলায় কুতুবপুর ইউনিয়ন একাদশকে ১-০ গোলে হারিয়ে দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে শালিকা টাইগার ক্লাব।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধে দুটি দলই চাপ সৃষ্টি করলেও জালে কেউ গোল দিতে পারেনি। দ্বিতীয় অর্ধের ৪ মিনিটের সময় শালিকা টাইগার ক্লাবের ৯ নং জার্সি পরিহীত জুয়েল দুর থেকে একটি দৃষ্টি নন্দন শট দিয়ে সোজা গোল পোষ্টের জালে প্রবেশ করান। দু দলই একাধিকবার গোলা করার সুযোগ পেলেও তারা ব্যার্থ হয়।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে নির্বাচিত হন শালিকা টাইগার ক্লাবের ফরোয়ার্ড জুয়েল। তার হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমন ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমীন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য মাসুদ করিম ঢলস, আমিরুল ইসলাম অল্ডাম। রেফারি

হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন ঝিনাইদহ থেকে আসা রবিউল ইসলাম, গাংনীর মাহবুবুর রহমান ও মুজিবনগরের সোহেল আহম্মেদ। খেলায় চতুর্থ রেফারি হিসেবে ছিলেন, মেহেরপুরের কৃতি ফুটবলার ইয়ারুল ইসলাম।

উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত ছিলেন।

আগামী ৫ জুন সোমবার ৩য় ম্যাচে একই মাঠে আমঝুপি ক্লাব ও লাইব্রেরী এবং শ্যামপুর ইউনিয়ন একাদশ লড়াই করবে।

জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডে উকতো একাদশ জয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের ১ম ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল ৪টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের ১ম ম্যাচে মুখোমুখি মাঠে নামে উকতো একাদশ বনাম দামুড়হুদা স্পোর্টিং ক্লাব।

খেলায় ট্রাইব্রিকারে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবকে ৩-২গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে উকতো একাদশ। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি ইয়ুথ ক্লাবের উপদেষ্টা হাসিবুল ইসলামের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় উকতো একাদশের গোল রক্ষক সোহান কে।

প্রধান অতিথি হাসিবুল ইসলাম বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা

করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক, রাজীব, স্বপন , রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল ও শামীম খাঁন।